নিজ স্ত্রীর সাথে মিলন জনিত কারণে নাপাক অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ফজরের সময় হয়ে যেত। তখন তিনি গোসল করতেন এবং সাওম পালন করতেন।

আয়েশা ও উম্মে সালামা রাদিয়াল্লাহু আনহুমা থেকে মরফূ হিসেবে বর্ণিত, “নিজ স্ত্রীর
সাথে মিলনজনিত কারণে নাপাক অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া
সাল্লামের ফজরের সময় হয়ে যেত। তখন তিনি গোসল করতেন এবং সাওম পালন করতেন।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আয়েশা ও উম্মে সালামা রাদিয়াল্লাহু আনহুমা সংবাদ দিচ্ছেন যে, রাত্রি বেলায় সহবাসের কারণে নাপাক অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ফজরের সময় হয়ে যেত। তখন তিনি গোসল না করে সাওম পূরণ করতেন এবং সিয়াম কাযা করতেন না। মারওয়ান বিন হাকাম যখন তাদের নিকট বিষয়টি জানার জন্য তাদের কাছে লোক প্রেরণ করেছিলেন, তখন তারা এ বিষয়ে উপরোক্ত সংবাদ দিয়েছেন। আর এ হুকুমটি রামাযান এবং রমযান মাসের ছাড়া অন্য মাসের ক্ষেত্রেও প্রযোজ্য।

https://sunnah.global/hadeeth/bn/show/4522